



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।



স্মারক নম্বরঃ চশিবো/বিদ্যা/কক্সঃ(চকঃ)/২২/৯৭/অংশ-১/৬৮২৭ (৩) তারিখঃ ১২/৯/২০২২

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
চট্টগ্রাম।


প্রাপকঃ প্রধান শিক্ষক  
চকরিয়া কেন্দ্রীয় উচ্চ বিদ্যালয়  
ডাকঘরঃ চিরিংগা সি.সি, উপজেলাঃ চকরিয়া  
জেলাঃ কক্সবাজার

### বিষয়ঃ স্বীকৃতি নবায়ন।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত ঠিকানাধীন চকরিয়া কেন্দ্রীয় উচ্চ বিদ্যালয়- কে নিম্নোক্ত শর্তে ০১/০১/২০২১ খ্রিঃ হতে ৩১/১২/২০২৩ খ্রিঃ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে স্বীকৃতি নবায়ন করা হলো। স্বীকৃতির সময়সীমা অর্থাৎ ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং উক্ত বিদ্যালয়ের পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

### অবশ্যই পালনীয় শর্তঃ

- ১। বোর্ড কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলে রক্ষিত অর্থ ভাঙানো বা প্রত্যাহার করা যাবে না।
- ২। বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটির মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে।
- ৩। বিধি অনুযায়ী যোগ্যতা সম্পন্ন একজন প্রধান শিক্ষক নিয়োগ করতে হবে।
- ৪। ৭০০ ও ১০০০- এর অধিক শিক্ষার্থী ভর্তির অনুমতি গ্রহণ করতে হবে।



(ড.বিপ্লব গাঙ্গুলী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম।

### অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি।

- ১। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।
- ২। অফিস নথি।

